দৈনিক আমাদের সময়

তারিখ ..05 MAY 2018..
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# বেড়ায় ইভটিজারকে ধোলাই দিয়ে পুলিশে দিল ছাত্রীরা

কাশীনাথপুর প্রতিনিধি ●

পাবনার বেড়ায় গতকাল সকাল ৯টার দিকে মঞ্জুর কাদের বালিকা উচ্চবিদ্যালয়ের মূল ফটকে কয়েক ছাত্রীকে উত্ত্যক্ত করার সময় ইভটিজারকে গণধোলাই দিয়ে আটক করে পুলিশে সোপর্দ করেছে ওই স্কুলের ছাত্রীরা।

স্কুল সূত্রে জানা গেছে, বেড়া পৌর এলাকার হাতিগাড়া মহল্লার আবেদ আলী মণ্ডলের ছেলে মিন্টু (২২) দীর্ঘদিন ধরে ওই বিদ্যালয়ের ফটকে দাঁড়িয়ে ছাত্রীদের উত্ত্যক্ত করে আসছে। স্কুলের প্রধান শিক্ষক বিষয়টি একাধিকবার প্রশাসনকে অবগত করলেও প্রশাসন আমলে নেয়নি। তাই বাধ্য হয়ে স্কুলের ছাত্রীরাই তাকে হাতেনাতে ধরে গণধোলাই দিয়ে স্কুলের পিলারের সঙ্গে বেঁধে রেখে বেড়া থানার পুলিশে খবর দেয়। পুলিশ তাকে উদ্ধার করে থানায় নিয়ে যায়।

বেড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা শামসুন নাহার সুমি জানান, আটক বখাটের বিরুদ্ধে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বেড়া থানার ওসি ফিরোজ আহম্মেদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বখাটে মিন্টুকে জেলহাজতে প্রেরণ করা হয়েছে।